গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃকবাস্তবায়নাধীন "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই-বাচাই কমিটি'র সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৭/০৩/২০২৩ খ্রি: |
| সভার সময় | বেলা ১১.৩০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি জুম অনলাইনে সংযুক্ত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করলে উপসচিব (পরিকল্পনা-১ অধিশাখা) আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। উপস্থাপনা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, এ প্রকল্পের আওতায় দেশের গুরুত্বপূর্ণ ৫৪টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন করার প্রস্তাব করা হয়েছে, যার প্রাক্কলিত ব্যয় ২৫৮২.০৬ কোটি টাকা এবং এ প্রকল্পের বাস্তবায়নকাল মে ২০২৩ হতে জুন ২০২৬ পর্যন্ত। প্রকল্পটি ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৩৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প" হিসেবে অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগের ১০/০২/২০২২ তারিখের নির্দেশনা অনুযায়ী সমাপ্তকৃত ১৫৬ প্রকল্প ও ২৫ প্রকল্প থেকে বাদ পড়া ফায়ার স্টেশন অন্তর্ভুক্ত করে মোট ৫৪টি ফায়ার স্টেশন স্থাপনের জন্য প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ পর্যায়ে তিনি প্রকল্পের সহকারী পরিচালক (পরিকল্পনা) কে উপস্থাপনার জন্য অনুরোধ করেন।

সহকারী পরিচালক (পরিকল্পনা) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান যে, "দেশের গুরুত্বপূর্ণ ৫৪টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" শীর্ষক প্রকল্পটি সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে জন শৃঙ্খলা ও সুরক্ষা সেক্টরের আওতায় ২৫৮২.০৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মে ২০২৩ হতে জুন ২০২৬ মেয়াদে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত হচ্ছে। তিনি প্রকল্পের উদ্দেশ্য সম্পর্কে বলেন, দেশব্যাপী সেবা সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে প্রকল্প এলাকায় প্রাকৃতিক ও মানবসৃষ্ট যে কোনো দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদান নিশ্চিত করা ও জীবন সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করা। এ লক্ষ্য অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করার জন্য দেশের ০৮টি বিভাগের ২৭টি জেলার ৫৪টি গুরুত্বপূর্ণ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন করার প্রস্তাব করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রাকৃতিক ও মানবসৃষ্ট যেকোনো দুর্যোগে প্রথম সাড়াদানকারী জাতীয় প্রতিষ্ঠান। এ সংস্থার প্রতিটি সদস্য যেকোনো দুর্যোগে সবার আগে সবার পাশে থেকে ২৪ ঘন্টা দায়িত্ব পালন করে থাকেন।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৩। সহকারী পরিচালক (পরিকল্পনা) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে জানান যে, বিভাগ ভিত্তিক ক্যাটাগরি অনুযায়ী প্রস্তাবিত ফায়ার স্টেশনসমূহকে ০৩টি ক্যাটাগরি ('বিশেষ', 'এ' ও 'বি') শ্রেনিতে ভাগ করা হয়েছে। সভাপতি কোন যৌক্তিকতায় ক্যাটাগরি ভাগ করা হলো এবং প্রকল্প এলাকা কিভাবে নির্বাচন করা হলো এ বিষয়ে সভায় জানতে চাইলে সহকারী পরিচালক (উন্নয়ন) সভায় বলেন, ফায়ার স্টেশন নীতিমালা ২০২১ এ স্টেশন স্থাপন সম্পর্কিত গাইডলাইন অনুযায়ী এগুলো নির্ধারণ করা হয়েছে। সভাপতি এ বিষয়ে আরো বিস্তারিত জানতে চাইলে পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে বলেন যে, যে সকল এলাকায় কেমিক্যাল কারখানা ও ইপিজেড সরঞ্জাম ব্যবহার করা হয় সেগুলি বিশেষ শ্রেণির অন্তর্ভুক্ত। 'এ' শ্রেণী ধরা হয়েছে মূলত: বিভাগীয় শহর, জেলা শহর এবং গুরুত্বপূর্ণ উপজেলা শহরগুলোতে। 'বি' শ্রেনি ধরা হয়েছে গ্যাপ এলাকাগুলোর গুরুত্বপূর্ণ বাজারগুলোতে (যেখানে নিকটবর্তী কোনো ফায়ার স্টেশন নেই) এবং নদীপথ এলাকাগুলোতে যেখানে দুর্ঘটনা বেশি হয়। সভাপতি মহোদয়, ৫৪টি ফায়ার স্টেশন নির্মিত হলে দেশের সব উপজেলায় ফায়ার স্টেশন স্থাপন হবে কিনা জানতে চাইলে, পরিচালক , ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর জানান যে, ২টি উপজেলা ব্যাতিত বাকি সব উপজেলায় ফায়ার স্টেশন স্থাপন করা হবে। তবে ঢাকা অঞ্চলে ৪৬টি ফায়ার স্টেশন স্থাপন করা হলে সকল উপজেলায় ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ সম্ভব হবে।

০৪। সভাপতি মহোদয়, স্টেশনগুলোর জমির পরিমান সম্পর্কে জানতে চাইলে, পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, 'এ' ও 'বি' শ্রেণির জমির পরিমান ১ একর এবং বিশেষ শ্রেনির জমির পরিমান ১.৫ একরের প্রস্তাব করা হয়েছে। অতিরিক্ত সচিব (অগ্নি) সভায় জানতে চান যে, 'এ' ও 'বি' শ্রেণির জমির পরিমান একই তবে কিসের ভিত্তিতে তাদের ভিন্ন ভিন্ন শ্রেণিভুক্ত করা হয়েছে। সভাপতি মহোদয়, প্রত্যেকটি ফায়ার স্টেশনকে শ্রেণিভুক্ত করার কারণ ও যৌক্তিকতা প্রস্তাবে সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। সভাপতি মহোদয় প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপ কিভাবে করা হয়েছে সভায় জানতে চাইলে সহকারী পরিচালক (পরিকল্পনা) সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর সম্মিলিতভাবে প্রকল্পের ডিপিপি তৈরি করেছেন। কোন রেট সিডিউল অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপ তৈরি করা হয়েছে সভাপতি জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত অধিদপ্তর) সভায় জানান যে, ২০২২ সালের রেট সিডিউল অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপ করা হয়েছে। সভাপতি মহোদয় প্রকল্পের মাইক্রোবাস অন্তর্ভুক্তির বিষয়ে জানতে চাইলে সহকারী পরিচালক (পরিকল্পনা) জানান যে, মাইক্রোবাস সাধারণত ডুবুরি ইউনিটের জন্য ব্যবহার হবে। ফায়ার সার্ভিসের ডুবুরি ইউনিট জরুরি প্রয়োজনে শীতের মধ্যে দূর-দুরান্তে যেতে হয়। সেজন্য তাদের মাইক্রোবাস প্রয়োজন। সভাপতি মহোদয় প্রকল্প অফিসের জনবল কাঠামোর বিষয়ে জানতে চাইলে সহকারী পরিচালক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, প্রকল্প অফিসে ০১ জন প্রকল্প পরিচালক-প্রেষণে, ০১ জন হিসাব রক্ষক পদে অতিরিক্ত দায়িত্বে এবং ০১ জন করে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ড্রাইভার ও অফিস সহায়ক হিসেবে মোট ০৩টি পদ আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত থাকবেন। এছাড়াও জনবল সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রতিটি নির্মাণাধীন ফায়ার স্টেশনের জনবলের পদ রাজস্ব থেকে সৃষ্টি করতে হবে যা ডিপিপিতে উল্লেখ করা হয়েছে। জনবল সংক্রান্ত নীতিমালা অনুযায়ী অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদটি অন্তর্ভুক্ত না থাকায় উক্ত পদটি ফায়ার সার্ভিস স্টেশনের রাজস্ব খাতের জনবলের কাঠামো থেকে সভাপতি মহোদয় বাদ দিতে বলেন।

০৬। সভাপতি মহোদয় ৫৪টি ফায়ার স্টেশনের সাথে ০২টি বহুতল আবাসিক ভবন নির্মাণের বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কাছে জানতে চাইলে সহকারী পরিচালক (পরিকল্পনা) বলেন, বরিশাল ও সিলেটে কর্মকর্তা-কর্মচারীদের জন্য কোন ভবন না থাকায় এটি সংযোজন করা হয়েছে। এর আগে কোনো ফায়ার স্টেশনের সাথে আবাসিক ভবন নির্মাণ সংযোজন করা হয়েছে কিনা জানতে চাইলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে জানানো হয় যে, আগে এধরণের প্রস্তাব করা হয়নি। সভাপতি মহোদয় উক্ত প্রকল্প থেকে ০২টি আবাসিক ভবন নির্মাণ বাদ দিতে বলেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) নতুন ভবনের সাথে পুরানো ভবন পুনর্নির্মাণের সম্পৃক্ততা থাকার বিষয়ে সভায় জানতে চাইলে সহকারী পরিচালক (পরিকল্পনা) বলেন, যেসব ভবনগুলো ৬০ এর দশকে নির্মিত হয়েছিল সেগুলো এখন বসবাসের অনুপযোগী হওয়ায় বসবাস করা সম্ভব হচ্ছে না। সভাপতি সভায় প্রস্তাব করেন, যেহেতু ভবন

পুনর্নির্মাণ করা হবে সেহেতু প্রকল্পের নামকরণ পুণর্নির্মাণকৃত ভবনের সংখ্যা উল্লেখপূর্বক প্রকল্পের নাম সংশোধন করে "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৪টি (৪৭টি স্টেশন স্থাপন ও ০৭টি পুন:নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প" করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় ভবন পুন:নির্মাণের খরচের বিষয়ে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর বলেন, পুরাতন ভবন ভাঙ্গার ক্ষেত্রে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকে না বরং ক্রয়কারী প্রতিষ্ঠান হতে পুরাতন ভবনের সরঞ্জাম বিক্রয় বাবদ সরকারের রাজস্ব আদায় হয়।

০৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, প্রকল্পটি সময়াবদ্ধ প্রকল্প হওয়ায় পিইসি সভার মাধ্যমে কিছু পর্যবেক্ষণ আসবে এবং প্রত্যেকটি স্টেশনের বিস্তারিত বর্ণনা ও যন্ত্রপাতির বর্ণনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে প্রদান করতে হবে। সভাপতি সভায় বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সকল উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের প্রতিশ্রুতি অনুযায়ী ৪৬টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প হতে ০২টি স্টেশন ৫৪টি প্রকল্পের সাথে সংযুক্ত করলে সকল উপজেলায় ফায়ার স্টেশন স্থাপন নিশ্চিত করা যাবে।

০৮। সভায় প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইয়ান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

(ক) ফায়ার স্টেশন ('বিশেষ', 'এ' ও 'বি') শ্রেনিভুক্ত করার বিষয়ে যথাযথ যৌক্তিকতা উল্লেখ করতে হবে;

(খ) প্রকল্প হতে ০২টি আবাসিক ভবন বাদ দিয়ে শুধুমাত্র ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ অন্তর্ভুক্ত করতে হবে;

(গ) মাননীয় প্রধানমন্ত্রীর সকল উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের প্রতিশ্রুতি অনুযায়ী সকল উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে ৪৬টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প হতে ০২টি স্টেশন (ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলা ও মাদারীপুর জেলার ডাসার উপজেলা) সংযুক্ত করে ৫৬টি স্টেশন নির্মাণ করার প্রস্তাব অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) নতুন স্টেশন নির্মাণ ও পুরাতন স্টেশন পুন:নির্মাণ উল্লেখপূর্বক দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৩৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পের পরিবর্তে "দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫৬টি (৪৯টি স্টেশন স্থাপন ও ০৭টি পুন:নির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প" প্রকল্পের নাম সংশোধন করতে হবে;

(ঙ) স্টেশন ভিত্তিক রাজস্ব জনবল কাঠামো থেকে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদটি প্রকল্প থেকে বাদ দিতে হবে;

(চ) লজিস্টিক সাপোর্ট ভিহিক্যাল এর সংখ্যা প্রতিটি স্টেশনে ০১টি করে মোট ৪৯টি নির্ধারণ করতে হবে;

(ছ) গণপূর্ত অধিদপ্তরের হালনাগাদ ২০২২ সালের রেট সিডিউল অনুযায়ী সংশোধিত ডিপিপি প্রণয়ন করতে হবে;

(জ) উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালনপূর্বক সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে জুরুরীভিত্তিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

স্মারক নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০২.২৩- ৫৭ তারিখ: ১৫ চৈত্র ১৪২৯
২৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
২) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
৩) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৫) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।
৬) পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর।
৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ।
৯) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ।
১০) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

29/03/2023

মোঃ মোশারফ হোসেন
উপসচিব